

কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়: পরিচিতি, উৎস ও গুরুত্ব

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ২. ৬. উৎসের বিভ্রান্তি বনাম বিশ্বাসের বিচ্যুতি

এখানে বিশেষভাবে লক্ষণীয় যে, ঈমান, আকীদা বা ধর্মীয় বিশ্বাস বিষয়ক যত প্রকারের বিচ্যুতি বা বিভ্রান্তি বিদ্যমান তার সব কিছু মূল কারণ আকীদার উৎস নির্ধারণে বিভ্রান্তি। কুফর, শিরক, বিদ'আত, দলাদলি, বিভ্রান্তি ইত্যাদি সব কিছু মূল কারণ বিশ্বাসের উৎস বা ভিত্তি নির্ধারণের বিষয়ে অজ্ঞতা, অস্পষ্টতা বা মতবিরোধিতা।

আমরা দেখেছি যে, বিশ্বাসের বিষয়গুলি 'গাইব' বা অদৃশ্য জগতকে কেন্দ্র করে। আর অদৃশ্য জগতের বিষয়ে কোনো কিছু সঠিকভাবে জানার একমাত্র নির্ভরযোগ্য উৎস 'ওহী'। যখনই কোনো মানুষ ওহীর অস্তিত্ব বা গুরুত্ব অস্বীকার করে অথবা আকীদার বিষয়ে অহীর অতিরিক্ত কোনো সূত্র বা উৎসের উপর নির্ভর করে তখনই সে তার জন্য বিভ্রান্তির দরজা উন্মুক্ত করে দেয়। এ জাতীয় বিভ্রান্তিকর উৎসের মধ্যে রয়েছে:

Source — <https://www.hadithbd.com/books/link/?id=13591>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন